



কলম্বিয়া : বাম থেকে ডঃ অনিল প্রধান, ডঃ পিটারসন, ডঃ সুলতানা নাহার, ডঃ লুতফিয়া এল নাদি ও তাঁর দল। ছবি-ঠিকানা।



বিশিষ্টজনদের মাঝে ড. সুলতানা নাহার।

(শেষের পাতার পর)  
বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিষয়ের অধ্যাপক ডঃ ওলগা মেডভেডকভ কলাম্বাসের সেবামূলক সংস্থায় লংলাসিং কমিউনিটি ডেভেলপমেন্ট এসোসিয়েশন এর পরিচালিকা মনিরা বেগমকে বক্তব্য রাখার জন্যে আমন্ত্রণ জানান। সভার

আয়োজন করা হয়েছিল ডাবলিনে অবস্থিত 'নূর ইসলামিক কালচারাল সেন্টারে'। সেখানে ডঃ ওলগা তাঁর প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের নিয়ে আসেন। আলোচনায় অংশ নিতে মনিরা বেগম ছাড়াও আরও আমন্ত্রিত হয়েছিলেন 'হোমপোর্ট এসিস্টেড হাউজিং' এর এরিয়া সমন্বয়কারী



কলম্বিয়া : নূর মসজিদের আলোচনা সভায় কমিউনিটি লিডারদের মাঝে সমাজ সেবিকা মনিরা

এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে

**ইত্যাদি খোসারী এন্ড হালাল মিট**

32-08 31 Street, Astoria, NY 11106

**Tel: 718-777-5713**



আপনার নিত্য প্রয়োজনীয় সকল পণ্য, তাজা শাকসব্জি, ফল-মূল,



হালাল মাংসসহ অন্যান্য

যে কোন জিনিসের জন্য

আমাদের খোসারীতে আসুন।



আমরা এখন ভোর ৬টা পর্যন্ত খোলা থাকি

আমরা ফুড স্ট্যাম্প, ইবিটি, ডিইকচেংকসহ মেজর ক্রেডিট কার্ড গ্রহণ করে থাকি।

পাকিস্তানী বংশোদ্ভূত তাকদিস খান। দু-ঘন্টা সময় ধরে ছাত্র-ছাত্রীগণ ইমিগ্র্যান্ট ও রিফুজি কমিউনিটি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে জানতে চান এদের দুজনের কাছে। এর পর প্রফেসর ওলগা সৈদিনের জন্যে সভা মূলতবি ঘোষণা করেন। উল্লেখ্য যে বাংলাদেশী আমেরিকান মনিরা বেগম এর আগে ওহাইও স্টেট ইউনিভার্সিটির কলেজ অব সোস্যাল ওয়ার্ক এর প্রফেসর ডঃ ভিকি ফিটস্ কর্ভর্ক তাঁর ক্লাসের ছাত্র-ছাত্রীদের সাথে মত বিনিময় করার জন্যে আমন্ত্রিত হন। এছাড়াও সারা বছর জুড়ে তিনি স্থানীয় বিভিন্ন চার্চ, স্কুল, আমেরিকানদের সমাবেশে ও বেসরকারী সংস্থায় বক্তব্য রাখার জন্যে আমন্ত্রণ রক্ষা করেন। কমিউনিটির মানুষের জন্যে সেবামূলক কাজের পাশাপাশি নিজ ধর্ম ও সংস্কৃতিকে তুলে ধরার সুযোগ তিনি পারতঃ পক্ষে নষ্ট করেননা।

ড. সুলতানা নাহারের স্বীকৃতি লাভ ওহাইও স্টেট ইউনিভার্সিটিতে গবেষণারত মহাকাশ বিজ্ঞানী ডঃ সুলতানা নাহারকে তাঁর উল্লেখযোগ্য গবেষণা মূলক কাজের জন্যে এবছর মিসর থেকে দুটো রিকর্গনিশন দেয়া হয়, তার মধ্যে একটি মিসরের টপিকাল সোসাইটি অব লেসার সায়েন্স থেকে ও অপরটি ইজিপশিয়ান ফিজিকাল সোসাইটি থেকে। কায়রো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক লুতফিয়া এল নাদি ও তাঁর দল, টপিকাল সোসাইটি অব লেসার সায়েন্স এর প্রেসিডেন্ট ওহাইও স্টেট ইউনিভার্সিটির এসট্রোনমি বিভাগের প্রধান প্রফেসর ডঃ ব্র্যাড পেটারসন ও অধ্যাপক ডঃ অনিল প্রধান এর সাথে সাক্ষাত করেন ও সনদ পত্র দুটি ডঃ নাহারের হাতে হস্তান্তর করেন। এবছর এলএলসিডিএর পরিচালিকা মনিরা বেগমকে কলাম্বাসের সব চাইতে বড় নন-প্রফিট ইন্সটিটিউশন 'ইউনাইটেড ওয়ে অব সেন্ট্রাল ওহাইও' থেকে ২০১০ সালে ইমিগ্রেন্ট ও রিফুজিদের শিক্ষা পুরস্কারে উল্লেখযোগ্য অবদান রাখার জন্যে বিপুল সংবর্ধনা দেওয়া হয় ও পুরস্কার স্বরূপ তাঁকে অর্থ ও সনদ পত্র প্রদান করা হয়। এছাড়াও প্রেসবিটেরিয়ান চার্চ থেকেও তাঁর জনকল্যাণ মূলক প্রজেক্টকে পুরস্কৃত করা হয় ও তাঁকে সংবর্ধনা দেওয়া হয়।

জন্মিলে মৃত্যু অবধারিত  
আনিসুর রহমান নামে এক বাংলাদেশী বৃকে ব্যথা নিয়ে স্থানীয় 'রিভারসাইড হাসপাতালে' গেলে সেখানে আকস্মিকভাবে হৃদযন্ত্রের ত্রিফা বন্ধ হয়ে মারা যান। ইন্টলিগেন্সি ওয়া ইন্টা ইলাইহি রাজ্জবুন। ঘটনাটি ঘটে এবছর কুরবানী ঈদের রাতে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৩৯ বছর। তিনি মৃত্যুর মাত্র ৪ মাস আগে কলাম্বাসে কর্মসংস্থানের জন্যে একাই এসেছিলেন। দেশে তাঁর মা, ভাই-বোন ও স্ত্রী রয়েছেন। তাঁদের অনুরোধে লাশ বাংলাদেশে পাঠিয়ে দেয়া হয়েছে। ফিউনারেল হোমের যাবতীয় খরচ থেকে বিমান ভাড়া সবকিছুই

**হালাল**

**ইন্টারন্যাশনাল ফুডস  
হালাল মিট এন্ড স্পাইসেস**

640 South Pickett Street, Alexandria, VA 22304

Tel: 703-888-1470